গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় ঃ ডিসেম্বর/২০২১ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি ঃ জনাব মাহমুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ ঃ ২৯.১২.২০২১
সময় ঃ বেলা- ১০.০০ ঘটিকা

সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ জানান যে, মাদক ও ওয়ারেন্টের আসামীর বিষয়ে কোনো সুপারিশ না করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি মাদক প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করেন। সন্ধ্যার পর কেরাম খেলা, লুডু খেলা ও টিভি দেখা বন্ধের জন্য অনুরোধ জানান। তিনি বিট পুলিশিকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলেকে অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বস মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ২. | চেয়ারম্যান, মৌগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মজিহাটি গরুর হাটের আগের দিন গরু চুরি হয়। তিনি মজিহাটি অবৈধ বাজার বন্ধের জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ বাল্য বিবাহ বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, রৌহা ইউনিয়ন পরিষদ উঠতি বয়সের ছেলেদের রাস্তায় বেপরোয়া চলাচল বন্ধের জন্য সকলের প্রতি অনুরোধ জানান। চেয়ারম্যান কাইলাটি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,বটতলা বাজারে জোয়া খেলা হয় ও ইউনিয়ন পরিষদ এলাকায় গাজাঁ সেবন করা হয়। তিনি এগুলো বন্ধের জন্য সভায় অনুরোধ করেন। চেয়ারম্যান, কে-গাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সংঘবদ্ধ চোরের চক্রের লিডার আরব আলী ট্রাক বোঝাই করে চুরির গরু বিভিন্ন বাজারে চালান করে। তিনি সকলে মিলে গরু চুরি বন্ধের জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান, ঠাকুরাকোনা, চল্লিশা, দঃ বিশিউড়া, সিংহের বাংলা ও আমতলা সভায় জানান যে,আইন শৃংখলা পরিস্থিতি ভালো। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার পাশাপাশি মাদক ও জোয়া বন্ধের সর্বস মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ৩. | সভাপতি, বাংলাদেশ পূজা উদযাপন কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, নাগড়া গণপূর্ত বিভাগের পরিত্যক্ত ভবনে মাদক ইয়াবা সেবন ও অসামাজিক কাজ হয়। তিনি এগুলো বন্ধের জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ৪. | ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার, জানান যে, আইন শৃংখলার পরিস্থিতি ভালো। পুলিশি টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |

CS CamScanner

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫. | মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার জানান যে, স্কুল পড়ুয়া মেয়েরা স্কুলে আসা যাওয়ার সময় যাতে ইভটিজিং এর স্বীকার না হয় সে বিষয়ে তিনি সকলের প্রতি অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর |
| ৬. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা সদর উপজেলায় গরু চুরি, মাদক, জুয়া বন্ধের জন্য পুলিশের পাশাপাশি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর, |

উপজেলা নির্বাহী অফিসার করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে মাস্ক পরিধান ও নারী নির্যাতন প্রতিরোধ এবং গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদানসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

তিনি আরও জানান বাল্য বিবাহের উপর কঠোর নজরদারি রয়েছে। বাল্যবিবাহ নিরোধকল্পে সম্মিলিতভাবে সকলকে কাজ করার জন্য অনুরোধ জানান। গরু চুরি মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ টহল পুলিশ বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.১২.২১

(মাহমুদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ৭৬১ তারিখঃ ২৭ ডিসেম্বর, ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি (বীর মুক্তি... জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থেঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক.............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলা ...........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ..................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. অফিস কপি।

২৭.১২.২১

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CS CamScanner